

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম  
E-mail : [info@bise-ctg.gov.bd](mailto:info@bise-ctg.gov.bd). Website : [www.bise-ctg.gov.bd](http://www.bise-ctg.gov.bd)

স্মারক নং-চশিবো/ক-শা/বিজ্ঞপ্তি/৪৭৪ /২০১৯/

তারিখ : ১১/০৩/২০১৯ খ্রিঃ


## ২০১৮-১৯ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে কলেজ পরিবর্তন (২য় পর্যায়) সময় বৃদ্ধি সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ও eSIF পূরণকৃত আত্রহী শিক্ষার্থীদের কলেজ পরিবর্তনের (২য় পর্যায়ের) আবেদন বোর্ডে গ্রহণের শেষ তারিখ ১০/০৩/২০১৯ তারিখ এর পরিবর্তে ১৪/০৩/২০১৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হল। উক্ত সময়ে শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে এই নোটিশের সাথে প্রদর্শিত কলেজ পরিবর্তন আবেদন ফরমের নিয়মাবলী গুরুত্বের সাথে অনুসরণপূর্বক প্রামাণ্য কাগজপত্রসহ আবেদন করা যাবে।

ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের প্রত্যয়ন/সুপারিশ দানের ক্ষেত্রে কলেজের অধ্যক্ষগণকে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই অনুসরণ করতে হবে:

১. কলেজের চাহিত ন্যূনতম জিপিএ এবং বিষয়ের মিল থাকা সাপেক্ষে বিভাগসমূহে (বিজ্ঞান/মানবিক/ ব্যবসায় শিক্ষা/গার্হস্থ্য বিজ্ঞান) আসন শূন্য থাকলে বা কোন কারণে শূন্য হলে ছাড়পত্রের মাধ্যমে কোন শিক্ষার্থী ভর্তির সুপারিশ করা যাবে।
২. বিষয়ের সমর্থনে eSIF এর সত্যায়িত কপি এবং বিষয় পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের আদেশের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
৩. ভর্তির ধরন Online/Manuel উল্লেখ পূর্বক eSIF এর ক্রমিক উল্লেখ করতে হবে।
৪. আবেদন ফরমের সকল প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে।
৫. উল্লিখিত সময়ের পর আর কোন আবেদন গ্রহণ করা হবেনা।

উল্লেখ্য যে, কলেজ পরিবর্তনের আদেশ আগামী ১৮/০৩/২০১৯ তারিখে অত্রবোর্ডের ওয়েব সাইট <http://web.bise-ctg.gov.bd> - তে সকল নোটিশ এ **Permission for xi class (2018-2019) College Transfer** শিরোনামে ৮০৬ ক্রমিক হতে পর্যায়ক্রমে দেয়া হবে।



( প্রফেসর মোঃ জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
চট্টগ্রাম।